

ফতওয়া নং ২৬৯

প্রশ্ন:

মসজিদের মধ্যে মশা মারার ধূপ জালানো যাবে কি

উত্তর:

মশা মারার ধূপ দুর্গন্ধ যদি না হয়, তাহলে তা মসজিদের মধ্যে জ্বালানো জাইয। দুর্গন্ধ হলে জাইয নয়। বর্তমান দুর্গন্ধ নয় এমন মশা মারার ধূপও বাজারে পাওয়া যায়। তা ব্যবহার্য। (ফাতাওয়া উসমানী ২/৫৩৭)

রসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ কেউ এসব দুর্গন্ধযুক্ত গাছ (উদ্ভিদ) খেলে সে যেন আমার মসজিদের নিকটে না আসে। কেননা মানুষ যেসব জিনিসে কষ্ট পায় ফেরেশতামণ্ডলীও সেসব জিনিসে কষ্ট পায়। (সহিহ মুসলিম, হাদীস নং ১১৩৯)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১২ শাবান, ১৪৪৫ হিজরী (23/02/2024)